পিন্টু সভাপতি, রাজ্জাক সম্পাদক নির্বাচিত

আলমডাঙ্গা কুমারী ইউনিয়ন আওয়ামী লীগের ত্রী-বার্ষিক সম্মেলন অনুষ্টিত। আবু সাইদ পিন্টু সভাপতি ও আব্দুর রাজ্জাক সাধারণ সম্পাদক নির্বাচিত।

বৈরী ও দূর্যোপূর্ণ আবহাওয়া ও বৃষ্টি উপেক্ষা করে ব্যাপক উৎসাহ উদ্দিপনার মধ্য দিয়ে কুমারী ভ্যাটেনারী অডিটরিয়ামে গতকাল শুক্রবার বিকাল সাড়ে ৩ টার দিকে ত্রী- বার্ষিক সম্মেলনে সভাপতিত্ব করেন কুমারী ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি রানা উদ্দিন মন্ডল।

প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা আওয়ামী লীগের সভাপতি চুয়াডাঙ্গা-১ আসনের সংসদ সদস্য মুক্তিযোদ্ধা সোলায়মান হক জোয়ার্দার ছেলুন। ত্রি-বার্ষিক সম্মেলন এর উদ্বোধন করেন আলমডাঙ্গা উপজেলা আওয়ামী লীগের সভাপতি পৌর মেয়র হাজী হাসান কাদির গণু।

প্রধান অতিথি হিসেবে গুরুত্বপূর্ণ ও দিক নির্দেশনা মূলক বক্তব্য রাখবেন চুয়াডাঙ্গা জেলা আওয়ামী লীগ এর সভাপতি চুয়াডাঙ্গা ১ আসনের মাননীয় সংসদ সদস্য মুক্তিযোদ্ধা সোলায়মান হক জোয়ার্দ্দার ছেলুন।

তিনি বলেন, যারা আজকে সংগঠনের দায়িত্ব পাবেন তারা দলকে সুসংগঠিত করতে সকলকে নিয়ে কাজ করবেন। যারা পদ পাবেন না, তাদেরও বলি আপারা কাজ করে যান, আপনার কাজের মুল্যায়নে একদিন দল আপনাকে ডেকে পদে বসাবে। মনে রাখবেন একটি চক্রান্ত শীল মহল দেশে অস্থিতি শীল পরিস্থিতি সৃষ্টি করে সরকারকে বেকায়দায় ফেলার চেষ্টা করছে। আপনারা সজাগ থাকবেন।

জননেন্ত্রী শেখ হাসিনার হাতকে শক্তিশালী করতে সকলকে ঐক্যবদ্ধ হয়ে কাজ করতে হব, বঙ্গবন্ধুর স্বপ্নের সোনার বাংলা গড়তে আমাদের সততার সাথে দায়িত্ব পালন করতে হবে। মুক্তিযুদ্ধের চেতনা বাস্তবায়ন করতে হবে।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, চুয়াডাঙ্গা জেলা আওয়ামী লীগের

সহ- সভাপতি খুস্তার জামিল, যুগ্ম সাধারণ সম্পাদক রিয়াজুল ইসলাম জোয়ার্দার টোটন, সাংগাঠনিক সম্পাদক মুন্সি আলমগীর হান্নান, অ্যাড. সামসুজ্জোহা, মাসুদুজ্জামান লিটু বিশ্বাস, উপজেলা আওয়ামী লীগের ভারপ্রাপ্ত ইয়াকুব আলী মাষ্টার, পৌর আওয়ামী লীগের সভাপতি আবু মুসা, সম্পাদক সিরাজুল ইসলাম, সাংগাঠনিক সম্পাদক আতিয়ার রহমান, জেলা আওয়ামী লীগের সদস্য দেলোয়ার হোসেন,বীর মুক্তিযোদ্ধা হেলাল উদ্দিন।

ইউনিয়ন আওয়ামী লীগের সম্পাদক আব্দুর রাজ্জাকের উপস্থাপনায় অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন, বন ও পরিবেশ বিষয়ক সম্পাদক সহিদুল ইসলাম, কুমারি ইউপি চেয়ারম্যান আবু সাইদ পিন্টু, মাসুদ রানা তুহিন, জেলা যুবলীগের সাবেক সভাপতি আরেফিন রঞ্জু, সাবেক ছাত্রলীগ নেতা আব্দুল কাদের, বিআরডিবি চেয়ারম্যান মহিদুল ইসলাম মুহিদ, খবির উদ্দিন, মজিবর রহমান, শওকত আলী, জেলা যুবলীগের সদস্য পৌর কাউন্সিলর মতিয়ার রহমান ফারুক, সাইফুর রহমান পিন্টু, সাবেক ছাত্রলীগ নেতা মিজানুর রহমান মিজান, ছাত্রলীগের সভাপতি ভাইস চেয়ারম্যান অ্যাড. সালমুন আহম্মদ ডন, সরকারি কলেজ ছাত্রলীগের সভাপতি আশরাফুল ইসলাম, পৌর ছাত্রলীগের সভাপতি নয়ন সরকার, সৈকতখান, সাকিব, অটল, চুয়াডাঙ্গা জেলা আওয়ামী লীগ, উপজেলা আওয়ামী লীগ, ইউনিয়ন আওয়ামী লীগ নেতৃবৃন্দ।

সভায় সর্বসম্মতি ক্রমে কুমারি ইউপি চেয়ারম্যান আবু সাইদ পিন্টুকে সভাপতি ও আব্দুর রাজ্জাক কে সাধারন সম্মাদক করে ৭১ সদস্য বিশিষ্ট কমিটি গঠন করা হয়েছে।

আলমডাঙ্গা প্রতিনিধি

জেলা বিএনপি’র উদ্যোগে ইসলাম আলী মাস্টারের দ্বিতীয়

মৃত্যুবার্ষিকী পালন

মেহেরপুর জেলা বিএনপির প্রতিষ্ঠাতা সাধারণ সম্পাদক ইসলাম আলী মাস্টারের দ্বিতীয় মৃত্যুবার্ষিকী উপলক্ষে আলোচনা ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে। শুক্রবার বিকালে পৌর ঈদগাহ সংলগ্ন জেলা বিএনপির কার্যালয়ে এ অনুষ্ঠানের আয়োজন করা হয়।

সভায় সভাপতিত্ব করেন জেলা বিএনপির সহ সাংগঠনিক সম্পাদক কাজি মিজান মেনন। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা বিএনপির সদস্য ও পিচ এম্বাসেডর জাকির হোসেন।
অনুষ্ঠানে উপস্থিত ছিলেন, জেলা বিএনপির সহ সভাপতি ওমর ফারুক লিটন, যুগ্ম সম্পাদক ফয়েজ মোহাম্মদ, যুবদলের সহ সাংগঠনিক সম্পাদক আলতাব হোসেন, নেতা আপেল, শিমুল, ছাত্রদলের সহ সভাপতি নাহিদ মাহাবুব সানি, সহ সাধারণ সম্পাদক ফরিদুল ইসলাম, নবিন দলের ভারপ্রাপ্ত সভাপতি উজ্জল হোসেন, সাধারণ সম্পাদক আনোয়ার হোসেন প্রমুখ।

অনুষ্ঠান সঞ্চালনায় ছিলেন জেলা যুবদলের সদস্য মনিরুল ইসলাম মনি।

:নিজস্ব প্রতিনিধি

যুবলীগের চেয়ারম্যান ও সাধারন সম্পাদক পদে নতুনদের নাম আলোচনায়

শুদ্ধি অভিযানে বড় ধাক্কার পর যুবলীগের চেয়ারম্যান ও সাধারণ সম্পাদক পদ নিয়ে আলোচনা এখন সর্বত্র। ক্যাসিনো-কাণ্ডে আড়ালে চলে গেছেন চেয়ারম্যান ওমর ফারুক চৌধুরী। তিনি আর যুবলীগের নেতৃত্বে থাকতে পারছেন না বলে জোর আলোচনা রয়েছে। এ ছাড়া সাধারণ সম্পাদক পদেও আসতে পারে নতুন মুখ। যুবলীগের সাবেক নেতাদের চাওয়া- তরুণ, যুববান্ধব ও সৎ নেতৃত্ব। আর বর্তমানরা চান- ছাত্র ও যুব

আলোচনায় রয়েছেন- ইসহাক আলী পান্না, বাহাদুর ব্যাপারী, অজয় কর খোকন, নজরুল ইসলাম বাবু, মাহমুদ হাসান রিপন, মাহফুজুল হায়দার চৌধুরী রোটন, এইচএম বদিউজ্জামান সোহাগের মধ্য থেকে যে কেউ যুবলীগের মূল নেতৃত্বে আসতে পারেন।

জানতে চাইলে ইসহাক আলী পান্না বলেন, আমি কোনো প্রার্থী না। আমি বঙ্গবন্ধু শেখ হাসিনার কর্মী। তিনি যদি কোনো সাংগঠনিক পদে আমাকে দায়িত্ব পালন করতে দেন তাহলে আমি সেটাই করব।

অন্যান্য সময় কেন্দ্রীয় সম্মেলনের আগে ঢাকা মহানগর উত্তর ও দক্ষিণ শাখা যুবলীগের সম্মেলন হতো। কিন্তু এবারের পরিস্থিতি ভিন্ন। বর্তমান পরিস্থিতিতে মহানগর শাখার সম্মেলন অনুষ্ঠানের পক্ষে নয় আওয়ামী লীগের হাইকমান্ড; কারণ সম্প্রতি ক্যাসিনো কারবারের দায়ে সংগঠন থেকে বহিষ্কার হয়েছেন ঢাকা মহানগর যুবলীগ দক্ষিণের সভাপতি ইসমাইল হোসেন চৌধুরী সম্রাটসহ অনেকেই।

এদিকে যুবলীগের সম্মেলনের আগে এবার আলোচনায় এসেছে বয়সসীমা বেঁধে দেয়ার বিষয়টি। যদিও এখনও চূড়ান্ত হয়নি। আজ রোববার গণভবনে প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে যুবলীগ নেতাদের বৈঠকে এ বিষয়ে আলোচনা হবে বলে জানিয়েছেন আওয়ামী লীগ সাধারণ সম্পাদক ওবায়দুল কাদের।

এই বয়সসীমার ওপর নির্ভর করবে আগামী কমিটিতে কারা নেতৃত্ব দেবেন। বর্তমান কমিটির দক্ষ ও ত্যাগী নেতাদের প্রায় সবারই বয়স ৫০-৬০ বছরের মধ্যে। বয়সসীমা ৬০ বছরের মধ্যে হলে বর্তমান কমিটির গুরুত্বপূর্ণ নেতারা চেয়ারম্যান ও সাধারণ সম্পাদক পদে আসার সুযোগ পাবেন।

আর যদি বয়সসীমা ৪৫ থেকে ৫০ বছর বেঁধে দেয়া হয়, তবে ছাত্রলীগের সাবেক নেতাদের ভাগ্য খুলে যাবে। সে ক্ষেত্রে ছাত্রলীগের সাবেক সভাপতি ও সাধারণ সম্পাদকদের মধ্য থেকে যুবলীগের চেয়ারম্যান কিংবা সাধারণ সম্পাদক নির্বাচিত হওয়ার সম্ভাবনাই বেশি।

সূত্র: যুগান্তর

বর্তমান সরকারের আমলে বিরোধী দলের কোন মানুষের প্রতি অত্যাচার করা হয় না

স্বাধীনতার বিপক্ষে যারা আছেন তারা একটু উপলব্ধী করে দেখেন আওয়ামী লীগ সরকারের আমলে কতটা উন্নয়ন হচ্ছে। দেশের উন্নয়নের কথা ভেবে, আপনাদের সন্তানদের ভবিষ্যৎতের কথা ভেবে হলেও আপনারা আওয়ামী লীগকে সমর্থন করেন।
তাছাড়া বর্তমান সরকারের আমলে বিরোধী দলের কোন মানুষের প্রতি অত্যাচার করা হয় না। আর এটাই হলো আওয়ামী লীগ সরকারের নিতি। শনিবার বিকালে মুজিবনগর উপজেলার দারিয়াপুর ইউনিয়ন আওয়ামী লীগের উদ্যেগে এক গনসংবর্ধনা অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে এ সকল কথা বলেন জনাপ্রশাসন প্রতিমন্ত্রী অধ্যাপক ফরহাদ হোসেন দোদুল। তিনি বলেন, প্রতিবছর দেশ ৮ ভাগ করে সামনের দিয়ে এগিয়ে যাচ্ছে। আমাদের প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনা বলেছেন কোন মানুষের আশা অপূরণ থাকবে না। সকল মানুষের আশা পূরণ করা হবে।
সকল গ্রামকে পরিনিত করা হবে শহরে। আগামী ২০২১ সালের মধ্যে যাদের ঘর নেই, তাদের সকলের জন্য ঘরের ব্যাবস্থা করে দেওয়া হবে।
এদিকে, দারিয়াপুর গ্রামবাসীর দাবী দারিয়াপুর খেলার মাঠকে মিনি স্টেডিয়াম হিসাবে দেখতে চাই। তাদের এই দাবী মেনে নিয়ে দারিয়াপুর খেলার মাঠকে মিনি স্টেডিয়াম করে দেবার ঘোষনা দেন জনপ্রশাসন প্রতিমন্ত্রী।
উক্ত অনুষ্ঠানে দারিয়াপুর ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি মুস্তাকিম হক খোকনের সভাপতিত্বে বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন জেলা আওয়ামী লীগের যুগ্ম সম্পাদক অ্যাড. ইব্রাহিম শাহীন, মুজিবনগর উপজেলা আওয়ামী লীগের সভাপতি ও উপজেলা চেয়ারম্যান জিয়াউদ্দীন বিশ্বাস, মুজিবনগর উপজেলা আওয়ামী লীগের সাধারন সম্পাদক ও মহাজনপুর ইউপি চেয়ারম্যান আমাম হোসেন মিলু, মুজিবনগর উপজেলা ভাইস চেয়ারম্যান রফিকুল ইসলাম, বাগোয়ান ইউপি চেয়ারম্যান আয়্বূ হোসেন, মোনাখালী ইউপি চেয়ারম্যান মফিজুর রহমান মফিজ, দারিয়াপুর ইউপি চেয়ারম্যান তৌফিকুল বারী বকুল, মুজিবনগর উপজেলা যুবলীগের সভাপতি কামরুল হাসান চাদু প্রমুখ।

মুজিবনগর অফিস

যুবলীগের কংগ্রেসে সভাপতিত্ব করবেন কে?

চলমান শুদ্ধি অভিযান শুরু হওয়ার পর ক্যাসিনোকান্ডে সুবিধাভোগী হিসেবে নাম আসে যুবলীগের প্রতাপশালী চেয়ারম্যান ওমর ফারুক চৌধুরী। এরপর থেকে কোনঠাসা হয়ে পড়েছেন তিনি। প্রায় এক মাস ধরে যাচ্ছেন না যুবলীগের কেন্দ্রীয় কার্যালয়ে। যাচ্ছেন না নিজের প্রতিষ্ঠিত যুব গবেষণা কেন্দ্রেও।
এদিকে যুবলীগের ৭ম জাতীয় কংগ্রেসের দিনক্ষণ ঘোষণা করা হয়েছে। ২৩ নভেম্বর এই কংগ্রেস হবে। কংগ্রেস সামনে রেখে যুবলীগে চাঙা ভাব লক্ষ্য করা গেলেও সংগঠনটির চেয়ারম্যান আড়ালে দিন যাপন করছেন। নেতাকর্মীরা তার দেখা পাচ্ছেন না। ফোনেও তাকে না পেয়ে ক্ষুব্ধ যুবলীগ নেতাকর্মীরা।
সংগঠনের চেয়ারম্যানকে ছাড়াই হয়েছে যুবলীগের প্রেসিডিয়াম বৈঠক। ওই বৈঠকে তার অনুপস্থিতি নিয়ে আলোচনা হয়। তার বিষয়ে সিদ্ধান্ত নেয়ার ভার দেয়া হয় প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে।
কংগ্রেসের বিষয়ে প্রধানমন্ত্রীর নির্দেশনা আনতে রোববার গণভবনে যাচ্ছেন যুবলীগের জ্যেষ্ঠ নেতারা। এই বৈঠকে থাকছেন না ওমর ফারুক চৌধুরী। তাকে গণভবনে যেতে বারণ করা হয়েছে বলে যুবলীগের একটি সূত্র নিশ্চিত করেছে। এমতাবস্থায় যুবলীগের আসন্ন কংগ্রেসে কে সভাপতিত্ব করবেন এই প্রশ্ন এখন নেতাদের মুখে মুখে।
৭১ বছর বয়সী ওমর ফারুক চৌধুরীকে বাদ দিয়ে সংগঠনের কোনো জ্যেষ্ঠ নেতাকে যুবলীগের ভারপ্রাপ্ত চেয়ারম্যান করার গুঞ্জনও শোনা যাচ্চে। সেক্ষেত্রে ওই ভারপ্রাপ্ত চেয়ারম্যানই ২৩ নভেম্বরের কংগ্রেসে সভাপতিত্ব করবেন।
জানা গেছে, রোববার আওয়ামী লীগ সভাপতি প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে সাক্ষাতে ওমর ফারুক চৌধুরীকে বাদ দিয়ে প্রেসিডিয়ামের সিনিয়র কোনো সদস্যকে যুবলীগের ভারপ্রাপ্ত চেয়ারম্যান করার প্রস্তাব দেবেন সংগঠনটির নেতারা।
পাশাপাশি আসন্ন জাতীয় কংগ্রেসের প্রস্তুতি কমিটি গঠনসহ সার্বিক আয়োজন, যদি ভারপ্রাপ্ত চেয়ারম্যান কাউকে না করা হয়, সেক্ষেত্রে কংগ্রেসে কে সভাপতিত্ব করবেন, ঢাকা মহানগর উত্তর-দক্ষিণ যুবলীগের

ক্যাসিনো ব্যবসায় যুবলীগ নেতাদের মদদ দেয়ার অভিযোগ উঠেছে যুবলীগ চেয়ারম্যান ওমর ফারুক চৌধুরীর বিরুদ্ধে। এরই মধ্যে তার দেশত্যাগে নিষেধাজ্ঞা দেয়া হয়েছে। তলব করা হয়েছে ব্যাংক হিসাব।

নিজস্ব প্রতিনিধি

আলমডাঙ্গার চিৎলা ইউনিয়ন আওয়ামী লীগের ত্রিবার্ষিক সম্মেলন অনুষ্ঠিত

আলমডাঙ্গার চিৎলা ইউনিয়ন আওয়ামী লীগের ত্রিবার্ষিক সম্মেলন অনুষ্ঠিত হয়েছে।
গতকাল শুক্রবার বিকাল ৪টার সময় রুইতনপুর মাধ্যমিক বিদ্যালয় মাঠে এ সম্মেলন আয়োজন করা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন চুয়াডাঙ্গা জেলা আওয়ামী লীগের সভাপতি বীর মুক্তিযোদ্ধা চুয়াডাঙ্গা ১ আসনের সংসদ সদস্য সোলায়মান হক জোয়ার্দ্দার সেলুন। এ সময় সম্মেলনের প্রধান অতিথি বলেন দির্ঘ ১৮ বছর আগে এই ইউনিয়নে আওয়ামী লীগের কমিটি গঠিত হলেও পরবর্তিতে আর কমিটি গঠন হয়নি, ওই সময় থেকে যারা আওয়ামী লীগের নেতৃতিতে দিয়ে আসছিল তারা যুবলীগের নামধারি কিছু নেতার পকেটে থেকে রাজনীতি করতো, যুবলীগের ঐই সকল ষড়যন্ত্র কারিদের চিহ্নিত করে, ইউনিয়নে আওয়ামী লীগের নেতৃত্ব বজায় রাখতে বলে সকল ধরনের ষড়যন্ত্র পতিহত করে দেশের উন্নয়নের ধারা অব্যহত রাখতে দলকে আরো শক্তিশালী করতে হবে।
তৃণমুল পর্যায় থেকে দলকে সুসংগঠিত করে জননেত্রি শেখ হাসিনার হাতকে শক্তিশালী করতেই সম্মেলন করা হচ্ছে। বঙ্গবন্ধু কন্যা প্রধানমন্ত্রী শেখ হাসিনার দেশকে এগিয়ে নিয়েছে। তিনি ক্ষমতায় এসে দেশকে ডিজিটাল বাংলাদেশ হিসাবে রুপান্তর করেছে, পৃথিবীর উন্নয়নশীল দেশগুলো এখন বাংলাদেশকে উন্নয়নের রোল মডেল হিসাবে দেখছে। দেশকে ক্ষুধা ও দারিদ্র মুক্ত দেশ হিসাবে গড়ে তুলেছে। বঙ্গবন্ধুর সোনার বাংলা গড়তে মাননিয় প্রধানমন্ত্রি রাতদিন পরিশ্রম করে যাচ্ছে। পদ্মসেতু, মেট্রো রেল ফ্লাইওভারের মত বড়

মহিবুল হক মন্টু, সাবেক জেলা ছাত্রলীগের সহ সভাপতি রুবাইত বিন সুস্তির, কলেজ ছাত্রলীগের সাধারন সম্পাদক তামিম হাসান তারেক । অনুষ্ঠানটি পরিচালনা করেন আওয়ামী লীগনেতা ইউনুস আলী মাষ্ঠার। সম্মেলনের আলোচনা শেষে অনুষ্ঠানের দ্বিতীয় পর্বে উপজেলা আওয়ামী লীগের সভাপতি হাসান কাদির গনুর সভাপতিত্বে আলমডাঙ্গার চিৎলা ইউনিয়ন আওয়ামী লীগের শাহ্ আব্দুল বাতেনকে সভাপতি, মোজাম্মেল হককে সাধারন সম্পাদক ও খাইরুল ইসলামকে যুগ্ন সাধারন সম্পাদক করে কমিটি গঠন করা হয়।

আলমডাঙ্গা প্রতিনিধি

সাত বছরেও বিএনপির আন্দোলন মাঠে গড়াইনি: হানিফ

আওয়ামী লীগের যুগ্ম-সাধারণ সম্পাদক মাহবুব-উল আলম হানিফ বলেছেন, ২০১৩ সাল থেকে খালেদা জিয়া কতবার আওয়ামী লীগ সরকারের পতনের আন্দোলনের ডাক দিয়েছেন দেশবাসী তা দেখেছে। দেখতে দেখতে ৭ বছর পার হলেও বিএনপির আন্দোলন মাঠে গড়াইনি। বিএনপির নেতাদের কথা জনগণ এখন আর আমলেও নেয় না। কারণ জনগণ জানে বিএনপির কথা ছাড়া কিছু করার নেই।
তিনি বলেন, আদালতের মাধ্যমে দুর্নীতিবাজ দল হিসেবে বিএনপি এখন প্রতিষ্ঠিত। যখন কোনো ব্যক্তি বা দল ক্ষমতা হারিয়ে ফেলে তখন তাদের মুখের আস্ফালনই শান্তনা খোঁজার মাধ্যম।
বুধবার বেলা ১১টায় কুষ্টিয়া সার্কিট হাউসের নতুন ভবনের ভিত্তিপ্রস্তর উদ্বোধন শেষে সাংবাদিকদের প্রশ্নের জবাবে হানিফ এ সব কথা বলেন।
তিনি বলেন, কাজের প্রতি দায়িত্বশীল হলেই সফলতা আসবে। আমাদের প্রত্যেকের পরিশ্রম ও আন্তরিকতায় সফলতার সঙ্গে এগিয়ে যাচ্ছে জেলার উন্নয়নমূলক প্রকল্পের কাজ। এ সব কাজ বাস্তবায়নে আপনার সমস্যা যদি আপনি সৃষ্টি করেন তা কোনোভাবেই মেনে নেয়া হবে না। হানিফ বলেন, নিজের ওপর অর্পিত দায়িত্ব সঠিকভাবে পালন করতে হবে। উন্নয়নমূলক কাজের প্রতি দায়িত্বশীল হলে সফলতা আসবেই। সঠিকভাবে

তদারকী দায়িত্ব পালন করতে না পারলে সরে দাঁড়াতে হবে। কাজের প্রতি দায়িত্বহীনতার পরিচয় দিবেন না।
এ সময় উপস্থিত ছিলেন কুষ্টিয়া-১ আসনের সংসদ সদস্য আ. ক. ম. সরওয়ার জাহান বাদশা, কুষ্টিয়া-৪ আসনের সংসদ সদস্য সেলিম আলতাফ জর্জ, জেলা প্রসাশক আসলাম হোসেন, জেলা আওয়ামী লীগের সভাপতি সদর উদ্দীন খান, জেলা পরিষদের চেয়ারম্যান হাজী রবিউল ইসলাম প্রমুখ।

নিজস্ব প্রতিনিধি

সোহরাওয়ার্দীতে সমাবেশ ডেকেছে ঐক্যফ্রন্ট

রাজধানীর সোহরাওয়ার্দী উদ্যানে আগামী ২২ অক্টোবর জনসমাবেশের ডাক দিয়েছে ড. কামাল হোসেনের নেতৃত্বাধীন জাতীয় ঐক্যফ্রন্ট।

বুধবার বিকালে ড. কামাল হোসেনের মতিঝিলের চেম্বারে জাতীয় ঐক্যফ্রন্টের স্টিয়ারিং কমিটির জরুরি বৈঠক থেকে এ ঘোষণা দেয়া হয়। বৈঠক সূত্র জানায়, দেশের সবশেষ রাজনৈতিক পরিস্থিতি ও করণীয় নিয়ে বুধবার জাতীয় ঐক্যফ্রন্টের নীতিনির্ধারণী ফোরাম স্টিয়ারিং কমিটির বৈঠকটি অনুষ্ঠিত হয়। এতে সভাপতিত্ব করেন জাতীয় ঐক্যফ্রন্টের শীর্ষ নেতা ও গণফোরামের সভাপতি ড. কামাল হোসেন।

বৈঠকে বুয়েট শিক্ষার্থী আবরার ফাহাদ হত্যার প্রতিবাদে আগামী ১৮ অক্টোবর রাজধানীতে নাগরিক সমাবেশ করার বিষয়েও আলোচনা হয়। এর আগে গত ১৩ অক্টোবর আবরার ফাহাদ হত্যার প্রতিবাদে জাতীয় প্রেসক্লাবে অনুষ্ঠিত ঐক্যফ্রন্টের নাগরিক শোকসমাবেশ থেকে ১৮ অক্টোবর নাগরিক শোকসভার কর্মসূচি ঘোষণা করা হয়।

নিজস্ব প্রতিনিধি:

শহীদ মুক্তিযোদ্ধাদের লাশ দাফনও করতে দেইনি সাহিদুজ্জামান খোকনের বাবা

মেহেরপুর ২ গাংনী আসনের সংসদ সদস্য মোহাম্মদ সাহিদুজ্জামান খোকন রাজাকারের সন্তান বলে দাবি করেছেন গাংনী উপজেলা যুবলীগের সভাপতি মোশারফ হোসেন। সোমবার দুপুর ২ টায় তার কার্যালয়ে সাংবাদিকদের সাথে মতবিনিময় কালে তিনি এ কথা বলেন।

তিনি আরো বলেন সাহিদুজ্জামান খোকনকে শুধু আমি একা রাজাকারের সন্তান বলছিনা বলছে বীরমুক্তিযোদ্ধা সহ গাংনী সকল শ্রেনী পেশার মানুষ। কারণ সাহিদুজ্জামান খোকনের বিরুদ্ধে বীরমুক্তিযোদ্ধারা মানববন্ধন, ঝাড়– মিছিল ও শহীদ মিনারে অনশন করেছিলো। তিনি বলেন মাননীয় প্রধানমন্ত্রী ও আওয়ামীলীগের সভানেত্রী শেখ হাসিনা রাজাকার ও তার পরিবারের কোন সদস্য যেন আওয়ামীলীগের রাজনীতির সাথে থাকতে না পারে এমন নির্দেশনা

বাস্তবায়নের লক্ষেই কুখ্যাত রাজাকার পুত্র দূর্নীতিবাজ সাহিদুজ্জামান খোকন সহ হাইব্রীড মুক্ত আওয়ামীলীগের নেতৃত্ব চাই শিরোনাম ব্যানার টাঙ্গানো হয়েছিলো।
জেলা আওয়ামীলীগের সাধারন সম্পাদক ব্যানার নামানোর সময় তিনি এ ব্যানারে সঠিক কথা লেখা আছে বলেও মন্তব্য করেছিলেন। গাংনী উপজেলা যুবলীগের সভাপতি মোশাররফ হোসেন বলেন, তেরাইল গ্রামে ৫ জন বীরমুক্তিযোদ্ধা শহীদ হলেও তাদের লাশ দাফন করতে দেইনি সাহিদুজ্জামানে খোকনের বাবা আব্দুল গনী রাজাকার।

তার পরিচয় জনগনের সামনে তুলে ধরার কারনে তিনি আমার নামে মিথ্যাচার শুরু করেছেন। আমি ভ্যাট ট্র্যাক্স দিয়ে সরকারি বিধিমত ব্যবসা করি। আপনারা নিশ্চই জানেন যে সাহিদুজ্জামান খোকনের আগে কি ছিলো আর এমপি হওয়ার পর মাত্র ৯ মাসের মাথায় এত টাকার মালিক কি ভাবে হলো তদন্ত হলে সব বের হয়ে আসবে। স্বাধীনতার পক্ষের শক্তি আমার সাথে আছে তারা এম পি খোকনের সব ধরনের দুর্নীতির তদন্ত চাই।

আল-আমীন,গাংনী

মোশারফ হোসেনের দুর্নীতি করতে করতে দাঁতে আঠা বসে গেছে

মেহেরপুর-২ আসনের সংসদ সদস্য ও গাংনী উপজেলা আওয়ামীলীগের সভাপতি সাহিদ্দুজ্জমান খোকন বলেছেন, দুর্নীতি করতে করতে যুবলীগের সভাপতি মোশারফ হোসেনের দাঁতে আঠা বসে গেছে, তাই সে নোংরা খেলায় মেতে উঠেছে। উপজেলার সর্ব বৃহত একটি শিক্ষা প্রতিষ্ঠান গাংনী পাইলট মাধ্যমিক বিদ্যালয়ের মত একটি গুরুত্বপুর্ণ প্রতিষ্ঠানে মোশারফ হোসেন ১০ টি বছর সভাপতি হিসেবে দায়িত্ব পালন করে চুষে খেয়েছেন।

তার আমলে বিদ্যালয়ে একটি শাখা খোলা হয়েছে, এবং একটি কলেজ খোলা হয়েছে। এখানে প্রায় ৪ হাজারের বেশি শিক্ষার্থীরা লেখাপড়া করে। বিদ্যালয় শাখা এবং কলেজে অনেক শিক্ষক নিয়োগ দেয়া হয়েছে। প্রতিটি শিক্ষকের কাছ থেকে মোটা অংকের টাকা ঘুষ নিয়ে নিয়োগ বানিজ্য করেছেন মোশারফ হোসেন। বামুন্দি হাইস্কুলে সভাপতি হিসেবে দায়িত্ব পালন কালে দুর্নীতির দায়ে এলাকাবাসি তাকে মেরে হাত ভেঙ্গে দিয়েছে।

এছাড়াও তিনি ক্ষমতার দাপটে ৪/৫ টি বিদ্যালয়ে সভাপতি হিসেবে দায়িত্ব নিয়েছেন। কেউ তার বিরোধীতা করেনি। উক্ত প্রতিষ্ঠান গুলিতে একচেটিয়া ভাবে দুর্নীতি করতে করতে তার দাঁতে এতাটাই আঠা বসে গিয়েছে যে দুর্নীতির প্রত্যয় নিয়ে ধড়ি ◌ঁ◌েবধে মাঠে নেমেছেন মোশারফ হোসেন। যুবলীগের সভাপতি মোশারফ হোসেন সম্পর্কে তিনি বলেন, গাংনীতে তার তিনটি বাড়ি। যশোরে বাড়ি,বেনাপোলে বাড়ি। কোথায় পেল এতো টাকা। বামুন্দি বাজারে তার মার্কেট আছে। পাজেরো গাড়িতে ঘোরে কোথায় এতো টাকার উৎস।

জনগন সবই জানে,সবই বোঝেন। যেখানে মাননীয় প্রধানমন্ত্রী দুর্নীতির বিরুদ্ধে যুদ্ধ ঘোষনা করেছেন সে সময় তিনি দুর্নীতির আখড়ায় পরিনত করেছে তার পরিচালিত শিক্ষা প্রতিষ্ঠান গুলিকে। মেহেরপুর-২ গাংনী আসনের সংসদ মোহাম্মদ সাহিদুজ্জামান খোকন তার নিজ বাসভবরে সাংবাদিকদের সাথে মত বিনিময় কালে এসব কথা বলেন।